

## 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৫

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১৪. নাবী (ﷺ) যেসব জায়গায় পেশাব করতে নিষেধ করেছেন

باب الْمَوَاضِعِ الَّتِي نَهَى النَّبِيُّ صلى الله عليه وسلم عَنِ الْبَوْلِ فِيهَا

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ، عَنِ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ " اتَّقُوا اللَّاعِنَيْنِ " . قَالُوا وَمَا اللَّاعِنَانِ يَا رَسُولَ اللهِ قَالَ " الَّذِي يَتَخَلَّى فِي طَرِيقِ النَّاسِ أَوْ ظِلِّهِمْ " .

صحیح: م

বাংলা

২৫। আবৃ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমরা দু'টি অভিশপ্ত কাজ থেকে দূরে থাকবে। সাহাবীগণ জিজ্ঞেস করলেন, অভিশপ্ত কাজ দু'টি কি হে আল্লাহর রসূল? তিনি বলেন, মানুষের যাতায়াতের পথে অথবা (বিশ্রাম নেয়ার) ছায়া বিশিষ্ট জায়গায় পেশাব পায়খানা করা।[1]

সহীহ: মুসলিম।

## **English**

Narrated Abu Hurairah:

The Prophet (sal Allaahu alayhi wa sallam ) as saying : Be on your guard against two things which provoke cursing. They (the hearers) said : Prophet of Allaah (sal Allaahu alayhi wa sallam), what are these things which provoke cursing: easing in the watering places and on the thoroughfares, and in the shade (of the tree)(where they take shelter and rest).

ফুটনোট



[1] মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ চলাচলের পথে ও ছায়ায় পেশাব পায়খানা করা নিষেধ), আহমাদ ৯০২/৩৭২), ইবনু খুয়াইমাহ (হাঃ ৬৭)।

হাদীস থেকে শিক্ষাঃ

যেসব স্থানে পেশাব-পায়খানা করলে মানুষের কষ্ট হয় সেসব স্থানে পেশাব পায়খানা করা নিষেধ। তন্মধ্যে হাদীসে লোক চলাচলের পথ ও মানুষের বিশ্রামের ছায়দার স্থানের কথা উল্লেখ করা হয়েছে। কারণ এতে মানুষের কষ্ট ও পরিবেশের সৌন্দর্য বিনষ্ট হয় এবং অন্যের গায়ে বা কাপড়ে অপবিত্রতা লেগে যাওয়ার সম্ভাবনা থাকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন